# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ২৬ জুলাই, ২০০৫
স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি ঃ **কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) গ্রুপ ক্যাপ্টেন মোঃ হুমায়ূন কবীর রাজু, পিএসসি, জিডি(পি) -- সদস্য
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার
ঢাকা সেনানিবাস।

(২) লেঃ কমান্ডার মোঃ আকরাম হোসেন (জি), বিএন -- সদস্য
প্রতিনিধি, অধিনায়ক
বিএনএস হাজী মহসিন
ঢাকা সেনানিবাস।

(৩) লেঃ কর্ণেল মোঃ আহসানুল হক মিয়া -- সদস্য
সিএমইএস (আর্মি)
ঢাকা সেনানিবাস।

(৪) মেজর আব্দুর রশিদ আকন্দ -- সদস্য
প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল
ঢাকা সেনানিবাস।

(৫) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী -- সদস্য
বাসা # ৪৯/সি, শহীদ বদিউজ্জামান রোড
ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস।

(৬) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ সামসুদ্দিন আহমেদ -- সদস্য
৩৪৬, বারিধারা ডিওএইচএস
ঢাকা সেনানিবাস।

(৭) জনাব মোঃ জিয়াউদ্দীন
বিজ্ঞ ১ম শ্রেণীর ম্যাজিষ্ট্রেট
জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি। -- সদস্য

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন গ্রুপ ক্যাপ্টেন ডিএস রাজা (অবঃ), সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রাশেদ লস্কর (অবঃ), মেম্বার সিকিউরিটি এন্ড এ্যাডমিন, মহাখালী ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্ণেল মোঃ আব্দুল খালেক (অবঃ) সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাস।

উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

প্রস্তাব নং-১ ঃ বিগত ২৭ জুন, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিগত ২৭ জুন, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ করা হলো।

চলমান পাতা-২

প্রস্তাব নং-২ ঃ জুন, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০০৫ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

প্রস্তাব নং-৩ ঃ জুন, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ জুন, ২০০৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো। রজনীগন্ধা সুপার মার্কেটস্থ বেকারী সংলগ্ন এলাকায় মুরগী জবাইখানা অবস্থিত। খাবার দোকানের পার্শ্বে মুরগীজবাইখানা থেকে দুর্গন্ধ ছড়িয়ে মারাত্মক পরিবেশ দূষণ ঘটছে বিধায় উক্ত এলাকার পরিবর্তে মার্কেটস্থ কশাইখানা সংলগ্ন স্থানে মুরগীজবাইখানার জন্য স্টেশন হেল্থ অফিসার মেজর আব্দুর রশিদ আকন্দ স্থান নির্বাচন করে প্রস্তাব করবেন এবং যে কোন সোমবার মার্কেট বন্ধের দিন প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস, সিএমইএস (আর্মি) ও সভাপতি, বাজার কমিটি, রজনীগন্ধা সুপার মার্কেট এবং ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট সরেজমিন পরিদর্শন করে মুরগীজবাইখানার জন্য স্থান নির্ধারণ করে সিদ্ধান্ত প্রদান করবেন।

প্রস্তাব নং-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ২৭ জুন, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৫ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে অত্র দপ্তর পরিচালিত শহীদ রমিজ উদ্দিন কলেজে ডিগ্রী কোর্স চালু হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্ত মোতাবেক কলেজটিকে স্কুল শাখা হতে পৃথক করার বিষয়ে অধ্যক্ষ, শহীদ রমিজ উদ্দিন কলেজ কর্তৃক প্রেরিত স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব আলোচনা ও সিদ্ধান্তের জন্য উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন কলেজে ডিগ্রী কোর্স চালু হওয়ায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের শর্ত মোতাবেক কলেজটিকে স্কুল শাখা হতে পৃথক করার বিষয়ে অধ্যক্ষ, শহীদ রমিজ উদ্দিন কলেজ কর্তৃক প্রেরিত স্বয়ংসম্পূর্ণ প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

(ক) ৯৬৭ এবং ৯৬৮ নং দাগের যে অংশে কলেজ ভবন এবং কেজি ভবন অবস্থিত সে অংশ (উত্তরে কলেজের মূল প্রবেশ পথ থেকে দক্ষিণের সীমানা প্রাচীর এবং পশ্চিমে বিদ্যালয়ের মূল ভবন সংলগ্ন বাগানের পূর্ব সীমানা থেকে পূর্ব দিকের সীমানা প্রাচীর পর্যন্ত কম/বেশী ২.০০ একর জমি) এবং এ জমির মধ্যে অবস্থিত কেজি ভবন, কলেজ ভবন এবং তৎসংলগ্ন দক্ষিণ পার্শ্বের (কলেজ শিক্ষকদের জন্য নির্মিত) স্টাফ কোয়ার্টার কলেজকে প্রদানের প্রস্তাব অনুমোদন করা হলো। তবে শ্রেণী ও দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যালয়ের নিজস্ব কক্ষের পর্যাপ্ত সুবিধা সৃষ্টি না হওয়া পর্যন্ত বিদ্যালয় শাখার কার্যক্রম যথারীতি কেজি ভবনে চলতে পারে।

(খ) ৯৪০ নং দাগের সম্পূর্ণ অংশ এবং ৯৬৭ ও ৯৬৮ নং দাগের অংশ বিশেষসহ কম/বেশী ২.৪০ একর জমি বিদ্যালয়কে দেয়ার প্রস্তাব অনুমোদন করা হলো। এ জমির মধ্যে বিদ্যালয়ের মূল ভবন ও নবনির্মিত ভবনসহ বিদ্যালয় ভবনের উত্তর-পশ্চিম দিকে অবস্থিত অধ্যক্ষের বাসভবন হিসেবে ব্যবহৃত ভবনটিসহ মোট ০৩(তিন)টি ভবন বিদ্যালয়ের অধীনে ন্যস্ত করার প্রস্তাব অনুমোদন করা হলো।

চলমান পাতা-৩

(গ) স্কুল ও কলেজ উভয় প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য ক্যান্টিন উন্মুক্ত রাখার প্রস্তাব অনুমোদন করা হলো।

(ঘ) খেলার মাঠ স্কুল ও কলেজ উভয় প্রতিষ্ঠানের প্রয়োজন অনুযায়ী ব্যবহারের প্রস্তাব অনুমোদন করা হলো।

(ঙ) বিদ্যালয় ভবন ও অধ্যক্ষের বাসভবনের মধ্যবর্তী উন্মুক্ত মঞ্চও একইভাবে উভয় শাখার ব্যবহারের জন্য উন্মুক্ত রাখার প্রস্তাব অনুমোদন করা হলো।

(চ) স্কুলের জন্য একজন প্রধান শিক্ষক নিয়োগের প্রস্তাব অনুমোদন করা হলো।

(ছ) কলেজের জন্য একজন উপাধ্যক্ষ, একজন ক্রীড়া শিক্ষক, একজন পূর্ণকালীণ গ্রন্থাগারিক, একজন হিসাব সহকারীসহ আরো একজন তৃতীয় শ্রেণীর কর্মচারী এবং ০৫(পাঁচ) জন চতুর্থ শ্রেণীর কর্মচারীর পদ সৃষ্টিসহ সৃষ্ট পদে লোক নিয়োগের প্রস্তাব অনুমোদন করা হলো।

(জ) স্কুল শাখায় "শিশু শ্রেণী হতে ১০ শ্রেণী" পর্যন্ত এবং কলেজ শাখায় "উচ্চমাধ্যমিক ও স্নাতক ডিগ্রী" অন্তর্ভুক্ত করার প্রস্তাব অনুমোদন করা হলো।

(ঝ) 'শহীদ রমিজ উদ্দিন কলেজ' এর স্থলে স্কুলের নাম 'শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল' এবং কলেজের নাম 'শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ' নামকরণের প্রস্তাব অনুমোদন করা হলো।

এ ব্যাপারে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৫ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকানসমূহের মাসিক ভাড়ার হার বাড়ানোর জন্য এতদ্‌সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন পর্যালোচনা এবং বোর্ডসভার সম্মানিত সদস্যগণের প্রদত্ত মতামতের আলোচনান্তে বর্ধিত ভাড়ার হার চূড়ান্ত করণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে গঠিত কমিটির প্রতিবেদন ও বোর্ডসভার সম্মানিত সদস্যগণের মতামত সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান ভাড়া বর্তমানে প্রচলিত দোকান ভাড়ার চেয়ে ৫০% বৃদ্ধি করে দোকান ভিত্তিক ভাড়ার পরিমাণ নির্ধারণ করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত হয়। এ আলোকে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট আগামী বোর্ডসভায় একটি স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব পেশ করবেন এবং বর্তমানে দোকানসমূহ হতে মাসিক আয় ও প্রস্তাব অনুযায়ী দোকান ভাড়া বৃদ্ধি করা হলে মাসিক আয় কত বৃদ্ধি হবে তা উত্থাপন করবেন।

প্রস্ত ৬ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডটি ২০০৫-২০০৬ সনের জন্য ইজারা প্রদানের জন্য ৪র্থ বারের মতো পুনঃ দরপত্র আহ্বান করা হলে গত ২৮ জুন, ২০০৫ তারিখে ০৪(চার)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে জনাব সৈয়দ ফজলুল করিম, সিবি-২০০, কচুক্ষেত পুরান বাজার, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৬,৫১,২০০/- (ছয় লক্ষ একান্ন হাজার দুইশত) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনা করা হলো। আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হার্ডস্ট্যান্ডটি ২০০৫-২০০৬ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে ৬,৫১,২০০/- (ছয় লক্ষ একান্ন হাজার দুইশত) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৪

প্রস্তাব নং-৭ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটে নবনির্মিত মাছের আড়ৎটি ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৩৩বিবিধ(৫) এর সিদ্ধান্তের প্রেক্ষিতে উক্ত মাছের আড়ৎ সংলগ্ন টয়লেট ও ড্রেনেজ সিস্টেম এর নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নবনির্মিত মাছের আড়ৎটি নিলামের মাধ্যমে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। নিলামের পূর্বেই নিলাম গ্রহীতার জন্য বিধি নিষেধসমূহ উল্লেখপূর্বক পরবর্তী বোর্ডসভায় আলোচনার পর কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

প্রস্তাব নং-৮ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৬ ফেব্রুয়ারি, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-৯ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৩ জানুয়ারি, ২০০৫ তারিখের ৬১৯/৪/এ/এ নং পত্রের সাথে প্রেরিত সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ০৮ জানুয়ারি, ২০০৫ তারিখের ৩৯০৯/১/কিউএমজি নং পত্র ও তৎসংযোজিত বিএ১৬৬২ মেজর আবু মোহাম্মদ মোস্তফা আজিজ (অবঃ) এর রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দের আবেদনটি পুনর্বিবেচনা করার জন্য বোর্ডসভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর সভায় বিস্তারিত আলোচনা হলো। আলোচনান্তে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের নির্দেশনা মোতাবেক বিএ-১৬৬২ মেজর আবু মোহাম্মদ মোস্তফা আজিজ (অবঃ)-কে রজনীগন্ধা সুপার মার্কেটে একটি দোকান অথবা দোকানের জন্য খালি জায়গা বরাদ্দের একটি প্রস্তাব পেশ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-৯ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬, ঢাকা-মেট্রো-অ-১১-০০১৪ এবং ঢাকা-মেট্রো-অ-১১-০৪৭৯ নং ট্রাক ০৩(তিন)টির বডি মেরামত ও রংকরণের জন্য দরপত্র আহ্বান করা হলে ০৭ জুলাই, ২০০৫ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স সিরাজ ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ, খ-৮১, খিলক্ষেত, ঢাকা কর্তৃক প্রদত্ত ৪৬,০০০/- (ছেচল্লিশ হাজার) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬, ঢাকা-মেট্রো-অ-১১-০০১৪ এবং ঢাকা-মেট্রো-অ-১১-০৪৭৯ নং ট্রাক ০৩(তিন)টির বডি মেরামত ও রংকরণের জন্য ৪৬,০০০/- (ছেচলিশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১০ ঃ ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় ঈদগাহের জন্য ০৫(পাঁচ) ট্রাক এবং শিখা অনির্বাণের জন্য ০৭(সাত) ট্রাকসহ মোট ১২(বার) ট্রাক সিলেট বালু সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হলে ০৬ জুলাই, ২০০৫ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে একটিভ এন্টারপ্রাইজ, বাড়ী # ১৯, এভিনিউ # ২, ব্লক # ডি-১২, পল্লবী, মিরপুর, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতি ট্রাক সিলেট বালু ৩,৮০০/- (তিন হাজার আটশত) টাকা হিসেবে ৪৫,৬০০/- (পয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ কেন্দ্রীয় ঈদগাহের জন্য ০৫(পাঁচ) ট্রাক এবং শিখা অনির্বাণের জন্য ০৭(সাত) ট্রাকসহ মোট ১২(বার) ট্রাক সিলেট বালু সরবরাহের জন্য বালু ৩,৮০০/- (তিন হাজার আটশত) টাকা হিসেবে ৪৫,৬০০/- (পয়তাল্লিশ হাজার ছয়শত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, ৫ ট্রাক বালুর বিল কেন্দ্রীয় মসজিদের নৈমিত্তিক খাত হতে এবং ৭ ট্রাক বালুর বিল আর্মি কঞ্জারভেন্সী শাখা হতে নির্বাহ করতে হবে।

**চলমান পাতা-৫**

প্রস্তাব নং-১১ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | বীর উত্তম শহীদ লেঃ আনোয়ার গালর্স কলেজ সংলগ্ন চৌরাস্তার ট্রাফিক সিগন্যাল বাতির কন্ট্রোলার পরিবর্তন। | ১,৭০,০০০/-টাকা (বাজার দর) | অনুদান |
| ২ | সেনাসদরের প্রবেশ ও বাহির গেইটে ম্যানুয়ালি ট্রাফিক পয়েন্ট ও সিগন্যাল লাইট স্থাপন কাজ। | ১১,৭১,২০০/-টাকা (বাজার দর) | অনুদান |
| ৩ | স্টাফ রোড টি ক্রসিং-এ ম্যানুয়ালি ট্রাফিক পয়েন্ট ও সিগন্যাল লাইট স্থাপন কাজ। | ১০,২০,২০০/-টাকা (বাজার দর) | অনুদান |
| ৪ | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিস্থ ফুটপাতে স্থাপনকৃত সাইন বোর্ড ফুটপাত হতে অপসারণ করে স্থানান্তর, এমপি চেক পোষ্টে স্থাপিত বোর্ডসমূহ ফ্লোরোসেন্ট ষ্টিকারের মাধ্যমে লেখা, শাখা রাস্তা হতে প্রধান সড়কের প্রবেশ মুখে থামুন বা অপেক্ষা সম্বলিত সাইন বোর্ড স্থাপন ইত্যাদি কাজ। | ৮,০০,০০০/-টাকা | অনুদান |
| ৫ | স্বাধীনতা সরণি ও শহীদ সরণির সংযোগ স্থলের উত্তর পার্শ্বের রাস্তা প্রশস্থকরণ। | ৯,১৯,৮৮৫/-টাকা | অনুদান |
| ৬ | বারিধারা ডিওএইচএস এলাকার লেইন নং-১২ মেইন রোডের পশ্চিম পার্শ্বে প্লট নং-৫৪০/১ হতে ৫৪০/৭ পর্যন্ত পূর্ব পার্শ্বে প্লট নং-৫৪০ হতে ৫৪৪/এ পর্যন্ত এবং লেইন নং-৬ মেইন রোড থেকে পূর্ব পার্শ্বে প্লট নং-৩৭৮ এবং পশ্চিম পার্শ্বে ৩৭৬ পর্যন্ত উচ্চতা বৃদ্ধিসহ কার্পেটিংকরণ। | ১১,৭২,৪১৮/- টাকা (সংশোধিত) | অনুদান |
| ৭ | বারিধারা ডিওএইচএস এলাকার পুকুর পাড় ও চিলড্রেন পার্কে ১০টি আরসিসি বেঞ্চ নির্মাণ। | ৪৫,০০০/-টাকা | বারিধারা ডিওএইচএস ফান্ড |
| ৮ | শহীদ সরণিস্থ আদমজী ক্যান্টনমেন্ট স্কুলের সম্মুখ হতে শহীদ লেঃ আনোয়ার গার্লস কলেজের স্টাফ কোয়ার্টার গেইট পর্যন্ত রাস্তার দুই পার্শ্বে ফুটপাতের উপর রেলিং বিহীন অংশে জিআই পাইপের রেলিং স্থাপন। | ৩,১৫,০৬৫/- টাকা | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপস্থাপিত মূল্যানুমানসমূহের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে ক্রমিক নং-১ হতে ৮ পর্যন্ত ০৮ (আট) টি কাজের মূল্যানুমান অনুমোদনের করা হলো। অনুমোদিত মূল্যানুমানসমূহের দরপত্র আহ্বানপূর্বক চূড়ান্ত অনুমোদনের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

প্রস্তাব নং-১২ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নোক্ত কাজের সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০০২ মোতাবেক | সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | সর্বনিম্ন উদ্ধৃত্ত দর | সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিংকৃত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বারিধারা ডিওএইচএস এলাকার ১৩ নং রোড সংলগ্ন (প্রধান সড়কের পশ্চিম পার্শ্বে) টয়লেটসহ গার্ডরুম নির্মাণ। | ১,৪৬,০১১/-টাকা | মেসার্স শাহাব উদ্দিন এন্টারপ্রাইজ | ৩০.৫০% উর্ধ্বে | ৩০.০০% উর্ধ্বে | ডিওএইচএস বারিধারা উন্নয়ন তহবিল হতে। |
| (২) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯১ নং বাড়ীর নীচতলায় বৈদ্যুতিক রিওয়্যারিংকরণ। | ২৬,৪৫৪/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ০৯.৯৫% উর্ধ্বে | ০৯.০০% উর্ধ্বে | পরিত্যক্ত সম্পত্তির সংশ্লিষ্ট তহবিল হতে। |

চলমান পাতা-৬

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোল্লিখিত ০২(দুই) টি কাজের সর্বনিম্ন দরের উপর সভায় বিস্তারিত আলোচনা হয়। প্রকল্পসমূহের দর বর্তমানে চলমান এম ই এস এর অনুরূপ কাজের সাথে সামঞ্জস্য রেখে সিএমইএস (আর্মি) কর্তৃক ভেটিং করা হয়েছে। উল্লেখিত কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। বোর্ডসভায় নিম্নলিখিত দর অনুমোদন করা হলো এবং বোর্ডসভার অনুমোদিত দরে সংশ্লিষ্ট ঠিকাদারগণ কাজ করতে সম্মত থাকলে সম্মতিপত্রগ্রহণপূর্বক কার্যাদেশ প্রদান করা হোকঃ-

(১) ৩০.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

(২) ০৯.০০% উর্ধ্ব দর অনুমোদিত।

প্রস্তাব নং-১৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৪৩ (তেতাল্লিশ)টি কাজের জামানতের টাকা ফেরত দেয়ার ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। জামানত ফেরতযোগ্য কাজের তালিকা উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনান্তে নিম্নবর্ণিত ৪৩ (তেতাল্লিশ)টি প্রকল্প সফলভাবে সমাপ্তির পর ০১(এক) বছর অতিক্রান্ত হওয়ায় জামানত হিসেবে জমাকৃত টাকা ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১। | রজনীগন্ধা সুপার মার্কেটের বিদ্যুৎ উপকেন্দ্রের বৈদ্যুতিক পুরাতন ক্যাবল বদল করে নতুন ক্যাবল স্থাপন কাজ। | মেসার্স ফরিদা ট্রেডার্স |
| ২। | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংকের আভ্যন্তরীণ বৈদ্যুতির রিওয়্যারিং কাজ করণ। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ |
| ৩। | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ০৩টি পুরাতন পানির ট্যাংক বদল করে নতুন গাজী/পলি প্লাষ্টিক পানির ট্যাংক স্থাপনকরণ। | মেসার্স প্রিন্স এন্ড ব্রাদার্স |
| ৪। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্কুলে পানি সরবরাহের জন্য পাম্প ও পানির লাইন পুনঃস্থাপন কাজ। | মেসার্স জি এম ট্রেডার্স |
| ৫। | রজনীগন্ধা সুপার মার্কেটের "এ" ব্লক হবে "সি" ব্লকের উত্তর কোণা পর্যন্ত ওভারহেড ইলেকট্রিক লাইনের পুরাতন তার বদল করে নতুন তার স্থাপন কাজ। | মেসার্স দিলদার এন্টারপ্রাইজ |
| ৬। | প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টে নিরাপত্তা বাতির তার বদলকরণ কাজ। | মেসার্স দি কারিগর |
| ৭। | বারিধারা ডিওএইচএস এলাকায় ৮ নং রোডের এবং ৭ নং রোডের সংযোগ সড়কের পোলসহ নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | মেসার্স কাসেম এন্ড সন্স |
| ৮। | বারিধারা ডিওএইচএস এলাকায় গুলশান সংযোগ সড়কের নিরাপত্তা বাতির আন্ডারগ্রাউন্ড লাইন নষ্ট হওয়ায় নতুন করে এলুমিনিয়াম তার দ্বারা ওভারহেড লাইন স্থাপন কাজ। | মেসার্স হাবিব ট্রেডিং |
| ৯। | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও শহীদ মঈনুল রোডের নিরাপত্তা বাতি, বৈদ্যুতিক পোল এবং সিগন্যাল পোল রংকরণ কাজ। | মেসার্স লাকী ট্রেডার্স |
| ১০। | ঢাকা সেনানিবাসস্থ শহীদ সরণি এবং শহীদ বাশার রোডের বিভিন্ন স্থানের পটহোল মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং |
| ১১। | শহীদ বাশার রোডসহ অন্যান্য রোড কার্পেটিং ও সীলকোটকরণ কাজ। | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং |
| ১২। | আদর্শ বিদ্যানিকেতন, মানিকদী স্টাফ কোয়ার্টারের ছাদে পিসিসি করণ কাজ। | মেসার্স ঢাকা কন্সট্রাকশন |
| ১৩। | ঢাকা সেনানিবাস কবরস্থানের প্রবেশ পথের দক্ষিণ অংশের রাস্তা মেরামত ও কার্পেটিং কাজ। | মেসার্স জামান ট্রেড ইন্টারন্যাশনাল |
| ১৪। | শহীদ জাহাঙ্গীর গেইট হতে গিন্যাল গেইট পর্যন্ত ফুটপাত মেরামত কাজ। | মেসার্স রনি এন্টারপ্রাইজ |

চলমান পাতা-৭

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ১৫। | ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯৬ এর একটি রুম বর্ধিতকরণ কাজ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ |
| ১৬। | শহীদ রমিজউদ্দিন উচচ বিদ্যালয়ের বর্ষপূর্তি উপলক্ষে স্কুল ও কলেজ ভবন সাজসজ্জাকরণ। | মেসার্স তাহের এন্টারপ্রাইজ |
| ১৭। | বারিধারা ডিওএইচএস এলাকার বিভিন্ন লেইনে ৩০টি সাইন বোর্ড স্থাপনকরণ কাজ। | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা |
| ১৮। | বারিধারা ডিওএইচএস এলাকার খালি জায়গায় বাস্কেটবল মাঠ নির্মাণ কাজ। | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| ১৯। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের কনফারেন্স রুমের প্লাস্টিক পেইন্টসহ ভবনের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় মেরামত ও চুনা কাজ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| ২০। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার কর্মাশিয়াল বিল্ডিং (ব্রডওয়ে) এর পিছনে নব-নির্মিত রিকশা ও গাড়ী পার্কিংয়ের নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | মেসার্স হক এন্টারপ্রাইজ |
| ২১। | ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | মেসার্স হক এন্টারপ্রাইজ |
| ২২। | সেনানিবাস কেন্দ্রীয় মসজিদের সম্মুখে ঈদগাহ ময়দানের উন্নয়নমূলক কাজ। | মেসার্স হক এন্টারপ্রাইজ |
| ২৩। | বারিধারা ডিওএইচএস এলাকায় বিভিন্ন লেইনে স্পীড ব্রেকার নির্মাণকরণ। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ |
| ২৪। | ঢাকা সেনানিবাস্থ শহীদ মোস্তফা কামাল লাইন ও স্টাফ রোড সংলগ্ন কোয়ার্টারে ছেলে মেয়েদের খেলাধূলার জন্য ২টি সি-স ও ২টি দোলনা সরবরাহ ও স্থাপন কাজ। | মেসার্স মনির এন্ড কোং |
| ২৫। | ঢাকা সেনানিবাস্থ শহীদ মান্নান লাইন (মালবিকা সংলগ্ন) শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ। | মেসার্স এ কে কন্সট্রাকশন |
| ২৬। | ঢাকা সেনানিবাস্থ জিয়া কলোনীর শিশু পার্ক মেরামত ও রংকরণ কাজ। | মেসার্স আলাউদ্দিন ট্রেডার্স |
| ২৭। | বারিধারা ডিওএইচএস এলাকায় প্রবেশ পথে একটি রিফ্লেক্টিভ দিক নির্দেশিকা নামফলক স্থাপন কাজ। | মেসার্স এম আর এন্টারপ্রাইজ |
| ২৮। | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/বি, ১৯/সি, বনানী ও মহাখালী সংযোগ সড়কসহ অন্যান্য রাস্তা কার্পেটিং ও সীলকোটকরণ কাজ। | মেসার্স খান ট্রেডার্স |
| ২৯। | বনানী ডিওএইচএস এলাকার ৩, ৪, ৬, ৬/এ এবং দক্ষিণ পার্শ্বে পুকুর পাড়ের রোড মেরামত ও সীলকোটকরণ। | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স |
| ৩০। | বারিধারা ডিওএইচএস এলাকায় টিএন্ডটি কর্তৃক কর্তরকৃত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ (গ্রুপ-ঘ)। | মেসার্স ইব্রাহিম এন্ড ব্রাদার্স |
| ৩১। | বারিধারা ডিওএইচএস এলাকায় টিএন্ডটি কর্তৃক কর্তরকৃত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ (গ্রুপ-ক)। | মেসার্স হাবিব এন্ড ব্রাদার্স |
| ৩২। | বারিধারা ডিওএইচএস এলাকায় টিএন্ডটি কর্তৃক কর্তরকৃত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ (গ্রুপ-গ)। | মেসার্স জিএম ট্রেডার্স |
| ৩৩। | বারিধারা ডিওএইচএস এলাকায় টিএন্ডটি কর্তৃক কর্তরকৃত রাস্তা মেরামত, কার্পেটিং ও সীলকোটকরণ (গ্রুপ-খ)। | মেসার্স মনির এন্ড কোং |
| ৩৪। | ঢাকা সেনানিবাস্থ শহীদ হামিদ লাইনের ছেলে মেয়েদের (সেনাসদর, প্রশাসনিক শাখা ও সিওডি'র কর্মকর্তা ও কর্মচারী) খেলাধূলার জন্য শিশু পার্ক নির্মাণ। | মেসার্স এ কে কন্সট্রাকশন |
| ৩৫। | ঢাকা সেনানিবাসস্থ জিয়া কলোনী এমপি চেক পোস্ট হতে পুরাতন এয়ার হেডকোয়াটারের পার্শ্বে যাত্রী ছাউনী পর্যন্ত ডেসা কর্তৃক খননকৃত রাস্তা মেরামত ও সলিংকরণ কাজ। | মেসার্স এম আর আমিন ট্রেডার্স |
| ৩৬। | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগ স্থলে ৫৬ নং বিল্ডিং এর পশ্চিম পার্শ্বের খালি জায়গায় সৌন্দর্য বর্ধন কাজ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| ৩৭। | ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন স্থানের সৌন্দর্য বৃদ্ধিকরণ কাজ। | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| ৩৮। | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগ স্থলে ৫৬ নং বিল্ডিং এর পশ্চিম পার্শ্বের খালি জায়গায় সৌন্দর্য বর্ধনের জন্য মাটি ভরাট কাজ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |

চলমান পাতা-৮

| ক্রমিক নং | কাজের বিবরণ | ঠিকাদারী ফার্মের নাম |
|---|---|---|
| ৩৯। | শহীদ সরণিস্থ আনোয়ার গার্লস কলেজ হতে সিগন্যাল গেট পর্যন্ত রাস্তা মেরামত/কার্পেটিং ও সীলকোট কাজ। | মেসার্স এস এস এন্টারপ্রাইজ |
| ৪০। | রজনীগন্ধা সুপার মার্কেটে জনতা ব্যাংকের মেরামত ও জলছাদ নির্মাণ কাজ। | মেসার্স মধুমতি ট্রেডার্স |
| ৪১। | শহীদ সরণিস্থ সাবেক বাতেন ফিলিং স্টেশনে হার্ডস্ট্যান্ড তৈরীকরণ ও স্টেশন অফিসার্স মেস 'সি' এর সামনে ফুটপাতসহ ড্রেন নির্মাণ। | মেসার্স মুক্তি প্রকৌশলী সংস্থা |
| ৪২। | শহীদ সরণি ও শহীদ বাশার রোডের সংযোগ স্থলে ৫৬ নং বিল্ডিং এর দক্ষিণ-পূর্ব পার্শ্বস্থ প্লট উন্নয়ন ও পাইপ ড্রেন নির্মাণ কাজ। | মেসার্স রিয়া এন্টারপ্রাইজ |
| ৪৩। | ঢাকা সেনানিবাসস্থ স্বাধীনতা সরণি এমপি চেকপোস্ট সংলগ্ন রাস্তা ও অন্যান্য রাস্তা মেরামত ও সীলকোটকরণ। | মেসার্স সাহাবুদ্দিন এন্টারপ্রাইজ |

প্রস্তাব নং-১৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ সালে ১০০২টি রিক্সার নম্বর প্লেট তৈরী ও সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে মোট ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স রাইসা কনস্ট্রাকশন, প্রোঃ- মোস্তফা জামাল পাটোয়ারী, ওয়াই/২০, রাজিয়া সুলতানা রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ কর্তৃক প্রদত্ত ৩৭,৮৭৫/৬০ (সাইত্রিশ হাজার আটশত পচাত্তর টাকা ষাট পয়সা) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০০৫-২০০৬ সালে ১০০২টি রিক্সার নম্বর প্লেট তৈরী ও সরবরাহের জন্য মেসার্স রাইসা কনস্ট্রাকশন, প্রোঃ- মোস্তফা জামাল পাটোয়ারী, ওয়াই/২০, রাজিয়া সুলতানা রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ কর্তৃক প্রদত্ত ৩৭,৮৭৫/৬০ (সাইত্রিশ হাজার আটশত পচাত্তর টাকা ষাট পয়সা) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো।

প্রস্তাব নং-১৫ ঃ শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে আরসিসি পাইপ ড্রেন নির্মাণের কারিগরী পরামর্শ, কন্টুর সার্ভে ও কনসালটেন্সী সার্ভিস বাবদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা ওয়াটার রিসোর্সেস প্ল্যানিং ডিভিশন, ইনস্টিটিউশন অব ওয়াটার মডেলিং-কে প্রদানের ব্যাপারে অত্র দপ্তরের ২৮ মে, ২০০৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার প্রস্তাব নং-২৪ এর সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট কনসালটেন্সি প্রতিষ্ঠানকে তাদের চাহিদাকৃত অর্থের পরিমাণ কমানোর জন্য পত্র দেয়া হলে তাদের ১৭ জুলাই, ২০০৫ তারিখের ৫৮৭২/১০২০ নং পত্রের মাধ্যমে চাহিদাকৃত অর্থের পরিমাণ কমানো সম্ভবপর নয় বলে জানান। এতদ্বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তের জন্য ইনস্টিটিউট অব ওয়াটার মডেলিং এর ১৭ জুলাই, ২০০৫ তারিখের পত্রটি সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ইনস্টিটিট অব ওয়াটার মডেলিংকে শহীদ মঈনুল রোড ও তৎসংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের নিমিত্তে আরসিসি পাইপ ড্রেন নির্মাণের কারিগরী পরামর্শ, কন্টুর সার্ভে ও কনসালটেন্সী সার্ভিস বাবদ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

চলমান পাতা-৯

১৫ বিবিধ (১) ঃ ঢাকা সেনানিবাস এলাকায় অনুমোদিত লাইসেন্স ব্যতীত চলাচলকারী ১০(দশ)টি রিক্সা জব্দ করে তা প্রকাশ্য নিলামে বিক্রির নিমিত্তে বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে গত ১৯ জুলাই, ২০০৫ তারিখে ০৬(ছয়) জন ডাককারী প্রকাশ্য নিলামে অংশ গ্রহণ করেন। তন্মধ্যে জনাব মোঃ হেলাল উদ্দিন (রাজা), পিতা- মৃত আনোয়ারুল হক, ২৫২, মানিকদী, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ২০,৬০০/- (বিশ হাজার ছয়শ) টাকার ডাকটি সর্বোচ্চ হয়। উক্ত সর্বোচ্চ ডাক অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে রিক্সা নিলামের ২০,৬০০/- (বিশ হাজার ছয়শত) টাকার সর্বোচ্চ ডাকটি অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

১৫ বিবিধ (২) ঃ ঢাকা সেনানিবাসস্থ সামরিক অফিসার আবাসিক এলাকায় বাড়ী নির্মাণের জন্য অত্র দপ্তরে দাখিলকৃত নিম্নোক্ত ১৩ (তের) টি নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ-ঃ-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | মেজর জেনাঃ এম মজিদ-উল-হক (অবঃ) | ৮৫ | বনানী ডিওএইচএস | সংশোধিত(৬ তলা) |
| ২। | মেজর (অবঃ) সাইদুর রহমান | ৫০ | -ঐ- | -ঐ- |
| ৩। | মিসেস নাজমা হক | ৫০/এ | -ঐ- | -ঐ- |
| ৪। | জনাব সাদ বিন জিয়া | ১০/এ | -ঐ- | সংশোধিত (১ তলা) |
| ৫। | কর্ণেল (অবঃ) ডাঃ এম হাসমত আলী | ৮/এ | -ঐ- | সংশোধিত (৬ তলা) |
| ৬। | মিসেস নাঈমা ফায়েজী | ২৭১ | মহাখালী ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |
| ৭। | মোঃ মোস্তফা কামাল | বি/১৭২ | -ঐ- | সংশোধিত (৫ তলা) |
| ৮। | কমান্ডার এস এ এম এ আবেদীন, বিএন | ৫১৫ | বারিধারা ডিওএইচএস | ০৬ (ছয়) তলা |
| ৯। | কর্ণেল এ এন এম মঈন উদ্দিন | ১৬৯ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত (৬ তলা) |
| ১০। | কর্ণেল এ এম এম মাহবুবুর রহমান | ১৩৪ | -ঐ- | -ঐ- |
| ১১। | লেঃ কর্ণেল (অবঃ) সৈয়দ মঞ্জুরুল আলম | ৩৬৩ | -ঐ- | -ঐ- |
| ১২। | লেঃ কর্ণেল (অবঃ) চন্দ্র কান্ত দাস | ৫০২ | -ঐ- | -ঐ- |
| ১৩। | মিসেস খোরশেদা ফেরদৌস | ১৮ | ক্যান্টনমেন্ট বা/এ | ০৩(তিন) তলা |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত নকশাসমূহ অনুমোদন করা হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪ বিবিধ (৩) ঃ ঢাকা সেনানিবাস এলাকায় নিয়মিত ঘাস কাটার জন্য ০৩(তিন)টি বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিন সরবরাহের নিমিত্তে দরপত্র আহ্বান করা হলে ১৪ জুলাই, ২০০৫ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে লন মোয়ার করপোরেশন, ২২২, নবাবপুর রোড, ঢাকা কর্তৃক প্রদত্ত প্রতিটি মেশিন ১৬,৫০০/- (ষোল হাজার পাঁচশত) টাকা হিসেবে মোট ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। উক্ত সর্বনিম্ন দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে ঢাকা সেনানিবাস এলাকায় নিয়মিত ঘাস কাটার জন্য ০৩(তিন)টি বিদ্যুৎ চালিত ঘাস কাটার মেশিন ক্রয়ের নিমিত্তে ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার দরটি অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

**চলমান পাতা-১০**

১৪ বিবিধ (৩)। ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের যানবাহন সংকেত বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ কর্তৃক অপারগতা প্রকাশ করায় মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ এর পরিবর্তে হোম আর্কিটেক্ট (প্রাঃ) লিঃ-কে পূর্বের নির্ধারিত প্রতি পয়েন্ট ৭০০/- টাকা দরে সিনগ্যাল বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োগের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত। এ প্রসংগে হোম আর্কিটেক্ট (প্রাঃ) লিঃ এর ২৪ জুলাই, ২০০৫ তারিখের আবেদনপত্র উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত। বিষয়টির উপর বিস্তারিত আলোচনা করা হলো। আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট এর যানবাহন সংকেত বাতি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে নিয়োজিত মাইক্রো ইলেক্ট্রনিক্স লিঃ কর্তৃক অপারগতা প্রকাশ করায় তাদের পরিবর্তে হোম আর্কিটেক্ট (প্রাঃ) লিঃ-কে প্রতি পয়েন্ট পূর্ব নির্ধারিত দর ৭০০/- (সাতশত) টাকায় জুন, ২০০৬ পর্যন্ত সময়ের জন্য নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৪ বিবিধ (৪)। ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের পশ্চিম প্রান্তে ২ নং পানির পাম্পের জন্য সাবমারসিবল মটর পাম্প মিলনার্স পাম্প লিঃ হতে ৪,১৩,৮৭৫/- (চার লক্ষ তের হাজার আটশত পচাত্তর) টাকা দরে ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত। বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হলো। ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের ২টি পাম্প আছে। ৮ নং রোডের পশ্চিম প্রান্তের ২ নং পানির পাম্পটি পুরাতন বিধায় প্রায়শই বিকল হয়ে পড়ে। যা বর্তমানে মেরামত করে পানি সরবরাহ করা হয়ে থাকে। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় নিরবচ্ছিন্ন পানি সরবরাহের নিমিত্তে মিলনার্স পাম্প লিঃ হতে ৪,১৩,৮৭৫/- (চার লক্ষ তের হাজার আটশত পচাত্তর) টাকা ব্যয়ে একটি সাবমার্সিবল মটর পাম্প ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট-কে অনুরোধ করা হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

25/9/05

( [illegible] আব্দুল্লাহ আল মামুন )
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ও
সেক্রেটারী
ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট

(কর্ণেল সালাহ্উদ্দীন আহমেদ)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।